দৈনিক সংবাদ

তারিখ 01 APR 1997
পৃষ্ঠা ২ কলাম ৪

### বেতারে ভুল তথ্য

# বাউবির ৩ জন সাসপেন্ড তদন্ত কমিটি গঠন

গত শনিবার বাংলাদেশ বেতারের 'খ' চ্যানেলে রাত সাড়ে আটটায় সম্প্রচারিত বাউবি'র বিএড প্রোগ্রামের অনুষ্ঠানে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের পটভূমি, বাংলাদেশের অভ্যুদয়ে ভাষা আন্দোলনের অবদান ও জাতীয়তাবাদ প্রসঙ্গে কিছু ভুল তথ্য পরিবেশনের অভিযোগে বাউবি'র ১ জন পরিচালক, ১ জন শিক্ষক ও ১ জন কর্মকর্তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। উল্লিখিত সম্প্রচার সম্পর্কিত পুরো বিষয়টি তদন্ত করার জন্যে বাউবির ট্রেজারার অধ্যাপক ডঃ আনোয়ার হোসেনকে আহ্বায়ক করে ৫ সদস্যের একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করা হয়। কমিটি আগামী ৪৮ ঘন্টার মধ্যে উপাচার্যের নিকট তদন্ত রিপোর্ট পেশ করবে।

উল্লিখিত সম্প্রচারে ভুল তথ্য পরিবেশনের কারণে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গভীর দুঃখ প্রকাশ করেছে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।